137

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

# পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে সড়ক অবরোধ

নাটোর সংবাদদাতা ॥ এস-এসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে গতকাল সিংড়ায় ছাত্ররা মিছিল করিয়া নাটোর-বগুড়া মহাসড়ক অবরোধ করে। এই

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## পরীক্ষা পদ্ধতি

(১ম পৃ: পর)

সময় পুলিশের লাঠিচার্জে ১১ জন ছাত্র আহত হয়। ক্ষুব্ধ ছাত্ররা টিএনও অফিসে হামলা চালাইয়া জানালার কাঁচ ভাংচুর করে। পুলিশ ১৯ জন ছাত্রকে আটক করিয়া সন্ধ্যার পর ছাড়িয়া দেয়।

## ভাণ্ডারিয়ায় মিছিল-সমাবেশ

ভাণ্ডারিয়া সংবাদদাতা ॥ এস এস সি পরীক্ষার নূতন পদ্ধতি বাতিলের দাবীতে ভাণ্ডারিয়া, পৈক-খালী ও গৌরীপুর হাই স্কুলের ৫ শতাধিক ছাত্র গতকাল রবিবার ভাণ্ডারিয়া থানা সদরে মিছিল করে। পরে থানা পরিষদ প্রাঙ্গণে এক সমাবেশে আবুল কালাম আজাদ, নাজমুল আলম, রাজিব, আলমগীর, বজলু মিয়া, মালেক, শাওন, সুমন প্রমুখ ছাত্র বক্তৃতা করে। সমাবেশে ১৯শে জুলাই থানা সদরে সকাল-সন্ধ্যা হরতাল আহ্বান করা হয়।